ইত্তেফাক

তারিখ ... 7.2.86 ...
পৃষ্ঠা ... 16 কলাম 3 ...

032

# সমস্যাপীড়িত কতিপয় প্রাথমিক ও উচ্চ বিদ্যালয়

বিভিন্ন এলাকার বহুসংখ্যক প্রাথমিক বিদ্যালয় ও কয়েকটি উচ্চ বিদ্যালয়ে নানা সমস্যা বিরাজ করায় ঐ সকল স্কুলের ছাত্রছাত্রীদের লেখাপড়া দারুণভাবে ব্যাহত হইতেছে।

পাবনা হইতে আমাদের সংবাদদাতা জানান, বেরা উপজেলার গঙ্গাদিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রীরা স্কুল ভবন সংস্কারের অভাবে দীর্ঘদিন যাবৎ স্কুল সংলগ্ন বটতলায় বসিয়া ক্লাস করিতেছে। ফলে বৃষ্টি অথবা প্রাকৃতিক দুর্যোগের সময় লেখাপড়া বন্ধ হইয়া যায়। প্রায় দুই বৎসর পূর্বে ঝড়ে স্কুলের টিনের চালা উড়িয়া যায়। স্কুলের বেড়া না থাকায় চেয়ার-বেঞ্চ চুরি হইয়া যায়। স্কুলের নিকটে নলকূপ না থাকায় ছাত্র-ছাত্রীদের পানীয় জলের অভাবে কষ্ট পাইতে হয়।

পার্বতীপুর হইতে ইত্তেফাক সংবাদাতা জানান, পার্বতীপুর উপজেলার ১০৭টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অধিকাংশ বিদ্যালয়গৃহ জরাজীর্ণ হইয়া পড়িয়াছে। প্রাকৃতিক দুর্যোগের ফলে ক্ষতিগ্রস্ত বহু বিদ্যালয় আজও মেরামত করা হয় নাই। কোন কোন স্কুলের ছাত্রছাত্রীরা খোলা আকাশের নীচে বসিয়া লেখা পড়া করিতেছে। অধিকাংশ বিদ্যালয়ে দরজা, জানালা নাই। আসবাবপত্র, চক, ব্লাকবোড ইত্যাদির অভাব রহিয়াছে। কোন কোন স্কুলে পানীয় জল ও শৌচাগার সমস্যা রহিয়াছে। কোন কোন স্কুলের শিক্ষকদের বিরুদ্ধে কাজে অবহেলার অভিযোগ পাওয়া গিয়াছে। ক্ষতিগ্রস্ত ও বিধ্বস্ত স্কুলের মধ্যে পলাশবাড়ী, হরিরামপুর, দলদলিয়া, হামিদপুর, আটরাই, নুরুল মজিদ, কমারপাড়া, সিঙ্গীমারী, নামাপাড়া হলদিবাড়ী, হলদিবাড়ী কলোনী, আর্দশ, রিয়াজনগর, ষ্টার, বসুদেব, দণ্ডপানি, আমবাড়ী, দোয়ানিয়া শালন্দার কাচারী, উত্তর শালন্দার, হরিপুর, চণ্ডিপুর, ভবানীপুর, শেরপুর, রাজারামপুর, মদুর ডাঙ্গা, সরনাই, ঘনশ্যামপুর, দেউল, নারায়ণপুর, খোড়াখাই, সরদারপাড়া, বৈষ্ণব পাড়া, মিতালী শিশু নিকেতন, সোনাপুকুর, সুন্দরপীর, ভাটিপাড়া প্রভৃতি সরকারী প্রাথমিক বিদ্যালয় রহিয়াছে বলিয়া জানা গিয়াছে।

চৌদ্দগ্রাম (কুমিল্লা) হইতে ইত্তেফাক সংবাদদাতা লিখিয়াছেন চৌদ্দগ্রাম উপজেলার বেশ কয়েকটি প্রাথমিক বিদ্যালয় গৃহ জরাজীর্ণ হইয়া পড়িয়াছে। কোন কোন স্কুলে পার্টিশন এমনকি বেড়া পর্যন্ত নাই। বেশীরভাগ স্কুলে প্রয়োজনীয় চেয়ার, টেবিল, বেঞ্চ ও শিক্ষার উপকরণ নাই। অনেক স্কুলে পানীয় জলের সুব্যবস্থা নাই। বাকগ্রাম, আলকরা, পদুয়া নালঘর, কাদুর প্রভৃতি স্কুলের অবস্থা খুবই করুণ।

[illegible]গঞ্জস্থ ইত্তেফাক সংবাদ- [illegible]

সরকারী প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় চেয়ার, টেবিল, বেঞ্চের অভাব রহিয়াছে। বিদ্যালয়ে পৃথক পৃথক কোন কক্ষের ব্যবস্থা নাই। স্কুলের টিনের বেড়া স্থানে স্থানে ভাঙ্গিয়া গিয়াছে। দরজা জানালাও ভাঙ্গিয়া গিয়াছে। ছাত্রছাত্রীদের খেলাধুলার প্রয়োজনীয় সাজ-সরঞ্জাম নাই বলিলেই চলে। পায়খানা-প্রশ্রাব খানার ব্যবস্থা নাই।

গোপালদী বাজার হইতে আমাদের সংবাদদাতা জানান, ১৯৭৬ সালের ঝড়ে চরদিগলদী ইউনিয়নের ২নং প্রাইমারী স্কুলের টিনের গৃহটি বিধ্বস্ত হওয়ার পর আর মেরামত করা হয় নাই। স্কুলের টিনগুলি শিক্ষকদের বাড়ীতে রাখা হইয়াছে। স্কুল গৃহের ভিটির উপর মিষ্টি আলুর চাষ করা হইয়াছে।

সিরাজদীখান হইতে ইত্তেফাক সংবাদদাতা জানান, সিরাজদীখান উপজেলার কোলা ইউনিয়নের থৈরগাঁও প্রাথমিক বিদ্যালয়ের বেড়া জরাজীর্ণ হইয়া পড়িয়াছে। ছাত্র ছাত্রীদের বসার মত বেঞ্চ নাই। ছাত্র-ছাত্রীদের বসার জন্য বাড়ী হইতে চাটাই লইয়া আসিতে হয়। জীবস্বয়া প্রাথমিক বিদ্যালয় গৃহটি কয়েক বৎসর পূর্বে ঝড়ে ক্ষতিগ্রস্ত হওয়ার পর আর যথাযথভাবে মেরামত করা হয় নাই। কোলা প্রাথমিক বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক ও বেঞ্চের অভাব রহিয়াছে। ছাতিয়ানতলা প্রাথমিক স্কুলেও শিক্ষকের অভাব রহিয়াছে।

মানিকগঞ্জস্থ ইত্তেফাক সংবাদদাতা জানান, মানিকগঞ্জ সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়ে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষক, লাইব্রেরীয়ান ও নাইটগার্ডের অভাব রহিয়াছে। স্কুলে প্রয়োজনীয় চেয়ার, টেবিল, বেঞ্চ ও আলমারী নাই। পায়খানা-প্রস্রাবখানার সংখ্যা প্রয়োজনের তুলনায় কম। ছাত্রীদের থাকার জন্য হোষ্টেলের ব্যবস্থা নাই। শিক্ষকদের জন্য কোয়ার্টারের ব্যবস্থা করা একান্ত প্রয়োজন। শ্রেণীকক্ষের সংখ্যাও প্রয়োজনের তুলনায় কম। স্কুলের তিনদিকে বাউণ্ডারী থাকিলেও একদিক ফাঁকা। অর্থনৈতিক কারণে বিদ্যালয়ের বার্ষিক ম্যাগাজিন প্রকাশ এবং সাহিত্য, সঙ্গীত ও নাট্যানুষ্ঠানের আয়োজন করা সম্ভব হয় না। খেলার মাঠের অভাবে ক্রীড়ানুষ্ঠান বন্ধ রহিয়াছে। ছাত্রীদের আনা-নেওয়ার জন্য বিদ্যালয়ের একটি বাস দীর্ঘদিন ধরিয়া অচল হইয়া রহিয়াছে। এদিকে বিদ্যালয়ের বিজ্ঞানাগারটি জরাজীর্ণ হইয়া পড়িলে কয়েক মাস পূর্বে ভবনটি সংস্কার করা হয়। কিন্তু কয়েকদিন যাইতে না যাইতেই উহার দেওয়ালের বিভিন্ন স্থানে ফাটল দেখা যায়।

আমাদের লালমনিরহাটের সংবাদদাতা জানান, ফুলবাড়ী উপ-জেলা সদরে অবস্থিত ফুলবাড়ী জছিমিঞা উচ্চ বিদ্যালয়ের একটি টিনের ঘর ঝড়ে বিধ্বস্ত হইলেও আর্থিক অনটনের কারণে আর মেরামত করা সম্ভব হয় নাই। [illegible]